

## ফরিদপুর মেডিকেল কলেজ শিক্ষার্থীদের ক্লাস বর্জন বিক্ষোভ সড়ক অবরোধ

প্রতিনিধি, ফরিদপুর

ফরিদপুর মেডিকেল কলেজের শিক্ষার্থীরা আবেদন, শিক্ষক-বিদ্যাং পানি, পরিবেশনসহ নানা সমস্যা সমাধানের ন্যূনতম পত্রকাল যোগাবার ক্লাস বর্জন করে রাস্তায় নেমে আসে। আন্দোলনরত বিক্ষুব্ধ শিক্ষার্থীরা এ সময় বিভিন্ন স্লোগান দেয়। পরে তারা কলেজের সামনের মুজিব সড়ক অবরোধ করে রাখে। সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত তারা মুজিব সড়কের মূল রাস্তা দখল করে অবস্থান নেয়। সড়ক অবরোধ করায় সব ধরনের যানবাহন ১লাচল বন্ধ হয়ে যায়।

অবরোধ চলাকালে শিক্ষার্থীরা বিক্ষোভ প্রদর্শন করে। এ সময় ছাত্রছাত্রীদের অভিযোগ করে, দীর্ঘদিন ধরে তারা আবাসন, শিক্ষণ, বিদ্যাং পানি, সন্ধানসহ নানা সমস্যায় মগ্ন নিয়ে দিনযাপন করছে। কলেজ কর্তৃপক্ষের কাছে যাবতীয় আবেদনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ আশ্বাস দিলেও কিছুই হয়নি। ছাত্রছাত্রীরা অসহ্য জানত, কলেজ থেকে হাসপাতালের দূরত্ব কয়েক কিলোমিটার হওয়ায় তাদের যাতায়াতে সমস্যা হয় কিন্তু প্রয়োজনের তুলনায় পরিবেশ নেই। অনেকে মেডিকেল কলেজ হাসপাতাল থেকে বিকশায় অনেক রাতে কলেজে ফিরছে। তারা হিনতাইকারীদের কবলে পড়ছে অহরহ। ছাত্রীদের জন্য কলেজ ক্যাম্পাসে একটি হোস্টেল থাকলেও অবস্থা বেশ নাজুক। রক্ষণাবেক্ষণ না করায় হোস্টেলটি জরাজীর্ণ হয়ে পড়ছে। কলেজে এশটি ক্যান্টিন থাকলেও সেখানে বসার যুতো কোন পরিবেশ নেই। কলেজে একটি মাঠ থাকলেও তা সব সময় জলাবদ্ধ থাকে। বেলা ১২টার দিকে প্রশাসন ও কলেজ কর্তৃপক্ষের দাবি পূরণের আশ্বাসের পরিপ্রেক্ষিতে তারা অবরোধ তুলে

নিলেও ক্লাস ও পরীক্ষা বর্জনের সিদ্ধান্তে অটল থাকে। দুপুরে জেলা প্রশাসক মোহাম্মদ হেলালউদ্দিন আহমেদ ও কলেজ কর্তৃপক্ষ এ ব্যাপারে বৈঠকে বসেন। শিক্ষার্থীরা জানায়, সমস্যার দ্রুত সমাধান না হলে আন্দোলন অব্যাহত থাকবে। তারা কলেজ ক্যাম্পাসে বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে পোস্টারিং করেছে।